

২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানি তার গ্রাহক থাকতে মোট ১৩,৭১৭.৯৮ মিলিয়ন ঘনমিটার গ্যাস বিক্রয় করে ৩৩,৬০৬.৫৯ কোটি টাকা এবং মিটার ভাড়া, ডিম্যান্ড চার্জ, গ্যাসের তাপন মূল্য ও সারচার্জসহ সর্বমোট ৩৫,১৪০.৭৪ কোটি টাকা রাজস্ব আয় করেছে, যার পরিমাণ ২০২৩-২৪ অর্থবছরে ছিল ৩৫,৪৭২.০৬ কোটি টাকা। ২০২৪-২০২৫ অর্থবছরে ৩৫,১৪০.৭৪ কোটি টাকা রাজস্ব আয়ের বিপরীতে বকেয়া রাজস্বসহ ৩৪,৩২৮.০৯ কোটি টাকা আদায় হয়েছে, যা পাওনার তুলনায় ৮১২.৬৫ কোটি টাকা কম।